# সমঝোতা স্মারক

# (Memorandum of Understanding)

কর্মসংস্থান ব্যাংক

এবং

যুব উন্নয়ন অধিদপ্তর

ঢাকা, ১৬ মার্চ ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

৩১৯১৫৯০

<u>**কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তর-এর মধ্যে সমঝোতা স্মারক**</u>

**কর্মসংস্থান ব্যাংক, বর্তমান ঠিকানা : প্রধান কার্যালয়, ১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০। পক্ষে জনাব মোঃ তাজুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক------ প্রথম পক্ষ।**

**যুব উন্নয়ন অধিদপ্তর, বর্তমান ঠিকানা : ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। পক্ষে জনাব আখতারুজ্জামান খান কবির, মহাপরিচালক------ দ্বিতীয় পক্ষ।**

এ সমঝোতা স্মারক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** সমঝোতা স্মারক নামে অভিহিত হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন কর্মসংস্থান ব্যাংক কর্তৃক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচীর আওতায় প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'জাতীয় যুব নীতিমালা-২০১৭' এর অনুচ্ছেদ ৫ এর আলোকে ১৮ থেকে ৩৫ বছর বয়সের বাংলাদেশের যে কোনো নাগরিক যুব বলে গণ্য হবে। দেশের মোট জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ যুব শক্তিকে কাজে লাগিয়ে দেশের বেকারত্ব হ্রাস তথা কর্মসংস্থান সৃষ্টি এবং দায়িত্ববান আত্মনির্ভরশীল দক্ষ প্রজন্ম দ্বারা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে কর্মোদ্যোগ (Start-up)হিসেবে স্বল্পসুদে যুবদের এ ঋণ প্রদান করা হবে। মুজিববর্ষে এ ঋণ কর্মসূচীর আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মোট ২ লক্ষ (২০২০ সালে ১ লক্ষ এবং ২০২১ সালে ১ লক্ষ) বেকার যুবদের স্বল্প সুদে ও সহজ শর্তে জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**২.০ উদ্দেশ্য:**

২.১ যুবদের মুক্তিযুদ্ধ ও দেশ প্রেমের চেতনায় উদ্বুদ্ধ, ন্যায়নিষ্ঠ, আধুনিক জীবনবোধসম্পন্ন ও আত্মমর্যাদাশীল মানুষ হিসেবে গড়ে তোলা ;

২.২ যুবদের উন্নত মনন, মানবিকতা ও চিত্তের লালন এবং একবিংশ শতাব্দীর উপযোগী করে তাদের অন্তর্নিহিত সম্ভাবনা বিকাশের অনুকূল পরিবেশ সৃষ্টি করা;

২.৩ মাদক, সন্ত্রাস ও দুর্নীতির দুষ্টচক্র হতে যুবদের রক্ষা করে উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা;

২.৪ শ্রম বাজারে চাহিদার নিরিখে কর্মসংস্থানবান্ধব ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা;

২.৫ উদ্ভাবনী ধারণা সৃজনে উদ্বুদ্ধ করা এবং তা বাস্তবায়নে সহযোগিতা করা;

২.৬ উদ্যোক্তা হতে আগ্রহী যুবদের স্বল্প সুদে ঋণ প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করা ;

16 MAR 2020

মোঃ আমিনুল ইসলাম
স্ট্যাম্প ভেন্ডার
লাইসেন্স নং-১৯/২০১০
৪, ডি, আই, টি এভিনিউ
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

৩১৯১৫৯৩

২.৭ টেকসই উন্নয়ন লক্ষসমূহ অর্জনে যুবদের সম্পৃক্তকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

২.৮ নারী উদ্যোক্তাদের এবং বিশেষ চাহিদা সম্পন্ন যুবদের চাহিদার ভিত্তিতে অগ্রাধিকার প্রদান করা এবং

২.৯ উল্লিখিত উদ্দেশ্য বাস্তবায়নের মাধ্যমে এসডিজি-এর লক্ষ্যমাত্রাসমূহ (বিশেষ করে ১, ২ এবং ৮.৬) অর্জনে সহায়তা করা।

## ৩.০ বাস্তবায়ন পদ্ধতি

### ৩.১ যুব উন্নয়ন অধিদপ্তর

৩.১.১ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিভাবান, আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে আগ্রহী, নিজস্ব সম্পদ বিনিয়োগে সমর্থ ও নৈতিকতাসম্পন্ন যুবদের বাছাই করে তালিকা প্রণয়ন করা;

৩.১.২ প্রতি মাসের প্রথম সপ্তাহে ইতোপূর্বে ঋণ গ্রহণ করেন নাই এমন উদ্যোক্তাদের জেলা এবং উপজেলা ভিত্তিক ডাটাবেইজ/তালিকা কর্মসংস্থান ব্যাংকের নিকটস্থ শাখায় সরবরাহকরণ;

৩.১.৩ সংশ্লিষ্ট জেলা বা উপজেলা কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সরেজমিনে প্রকল্প পরিদর্শন ও দিকনির্দেশনা প্রদান;

৩.১.৪ প্রশিক্ষণ মডিউলে 'বিজনেস প্লান' তৈরির বিষয় অন্তর্ভূক্তকরণ;

৩.১.৫ কর্মসংস্থান ব্যাংকের শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক 'বঙ্গবন্ধু যুব ঋণ' বিষয়ে প্রশিক্ষণার্থীদের ধারণা প্রদান এবং

৩.১.৬ প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্মসংস্থান ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে মাঠ পর্যায়ে (জেলা ও উপজেলা) ঋণ বিতরণ ও আদায়ে প্রকল্প পরিদর্শন, প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা এবং নিবিড় তদারকির মাধ্যমে ঋণের যথাযথ ব্যবহার এবং আদায় নিশ্চিত করবে।

৩.১.৭ ঋণ বিতরণ ও আদায়ে প্রকল্প পরিদর্শন, প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা এবং নিবিড় তদারকির মাধ্যমে ঋণ আদায় নিশ্চিতকরণ।

### ৩.২ কর্মসংস্থান ব্যাংক

৩.২.১ 'বঙ্গবন্ধু যুব ঋণ' নীতিমালার আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই-বাছাই সাপেক্ষে যোগ্য উদ্যোক্তাদের অগ্রাধিকার ভিত্তিতে নিম্নোক্ত শর্তে ঋণ প্রদান:

৩.২.১.১ ঋণের পরিমাণ ন্যূনতম ২০ (বিশ) হাজার থেকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত;

৩.২.১.২ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর;

...নিন, দুর্নীতিকে বিদায় দিন”

অন্তর্ভূক্ত করা

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

আখতারুজ্জামান খান কবির
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩.২.১.৩ প্রকল্পের ধরণ অনুযায়ী কিস্তি মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক/এককালীন হবে ;

৩.২.১.৪ সুদের হার ৯% সরল সুদ (পরিবর্তনযোগ্য)।

৩.২.২ প্রতি তিন মাসে ন্যূনতম একবার যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা-উপজেলার কর্মকর্তার সাথে সভা আহ্বান করে প্রকল্পের অগ্রগতি, ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ;

৩.২.৩ কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ গ্রহীতাদের বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তরকে সরবরাহকরণ; এবং

৩.২.৪ যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের তালিকা হতে বিতরণকৃত ঋণের প্রায় ৩০% অগ্রাধিকার ভিত্তিতে প্রদান।

## ৪.০ মনিটরিং পদ্ধতি

### ৪.১. যুব উন্নয়ন অধিদপ্তর

৪.১.১ যুব উন্নয়ন অধিদপ্তরের দারিদ্র বিমোচন ও ঋণ শাখার পরিচালক মহাপরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.১.২ ত্রৈমাসিকভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং মহাপরিচালককে অবহিত করবেন; এবং

৪.১.৩ প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক অটোমেশনের অন্তর্ভূক্ত করা হবে।

### ৪.২ কর্মসংস্থান ব্যাংক:

৪.২.১ কর্মসংস্থান ব্যাংকের মহাব্যবস্থাপক (পরিচালন মহাবিভাগ) ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.২.২ বিতরণকৃত ঋণের অর্থে বাস্তবায়িত প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও নিয়মিত কিস্তি আদায় নিশ্চিতকরণ;

৪.২.৩ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রশিক্ষিত যুবদের ঋণ বিতরণের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে বোর্ড সভায় উপস্থাপন এবং বোর্ড কর্তৃক প্রদত্ত পরামর্শ/নির্দেশনা বাস্তবায়ন; এবং

৪.২.৪ ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য কর্মসংস্থান ব্যাংক কর্তৃক অটোমেশনের অন্তর্ভূক্ত করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

৩১৯১৫৯৫

**৫.০ তহবিল ব্যবস্থাপনা:**

৫.১. প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের ঋণের চাহিদা পূরণকল্পে যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন তহবিল স্থায়ী আমানত (FDR) হিসেবে কর্মসংস্থান ব্যাংকে সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান;

৫.২ কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব তহবিল এবং অন্যান্য ব্যাংক ও প্রতিষ্ঠান হতে তহবিল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

**৬.০ শ্রেণীকৃত ঋণ:**

এ কর্মসূচী বাস্তবায়নকালীন কোনো শ্রেণীকৃত ঋণ আদায়ে কর্মসংস্থান ব্যাংক এবং যুব উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়াও ঋণ আদায়ের স্বার্থে রাষ্ট্রীয় আইনের আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**৭.০ অবসায়ন:**

সমঝোতা স্মারক বাস্তবায়নে কোনো ধরনের সমস্যা দেখা দিলে তা নিরসন এবং কোনো সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয়পক্ষের যে কোনো পক্ষ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে এই চুক্তি বাতিল করতে পারবে।

৮.০ উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে **কর্মসংস্থান ব্যাংক** এবং **যুব উন্নয়ন অধিদপ্তর**-এর নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয় এ স্মারকে অন্যান্য শর্তাবলি পরিপালন সাপেক্ষে একমত পোষণ করতঃ অদ্য ১৬·০৩·২০২০ তারিখে এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করলেন।

| | |
|---|---|
| (মোঃ তাজুল ইসলাম)<br>ব্যবস্থাপনা পরিচালক<br>কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়<br>১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০। | ১৬.৩.২০২০<br>(আখতারুজ জামান খান কবির)<br>মহাপরিচালক<br>যুব উন্নয়ন অধিদপ্তর<br>১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |

| | |
|---|---|
| **প্রথম পক্ষ** | **দ্বিতীয় পক্ষ** |
| সাক্ষী : | সাক্ষী : |
| ১। ১৬.০৬.২০২০ | ১। ১৬/৩/2020<br>মোঃ জাহাঙ্গীর আলম<br>(যুগ্ম সচিব)<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>যুব উন্নয়ন অধিদপ্তর<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ২। ১৬/৩/২০২০<br>(মোঃ আব্দুল মান্নান)<br>উপব্যবস্থাপনা পরিচালক<br>কর্মসংস্থান ব্যাংক<br>প্রধান কার্যালয়, ঢাকা | ২। ১৬/৩/2020<br>বদরে মুনির ফেরদৌস<br>যুগ্মসচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |